দৈনিক ইত্তেফাক

তারিখ ৮।৯।৯১
পৃষ্ঠা ১ কলাম ৬

# শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে অস্ত্রের মহড়া চলিতেছে

—মিজান চৌধুরী

রংপুর সংবাদদাতার টেলিফোন: জাতীয় পার্টির ভারপ্রাপ্ত চেয়ারম্যান মিজানুর রহমান চৌধুরী বলিয়াছেন, দেশে আজ আইনের

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

03

## মিজান চৌধুরী

(১ম পৃঃ পর)

শাসন নাই। বিশ্ববিদ্যালয়সহ দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলি মিনি ক্যান্টনমেণ্টে পরিণত হইয়াছে। সেখানে অস্ত্রের মহড়া চলিতেছে। ছেলেদের হাতে বই-খাতা থাকার কথা তাহাদের হাতে রাইফেল, ষ্টেনগান ও বিভিন্ন স্বয়ংক্রিয় অস্ত্র শোভা পাইতেছে। তিনি প্রশ্ন করেন, এভাবে ছাত্রদের ব্যবহার করা হইলে ভবিষ্যতে দেশ চালাইবে কাহারা?

আগামী ১১ই সেপ্টেম্বর অনুষ্ঠিতব্য উপ-নির্বাচন উপলক্ষে মিজানুর রহমান চৌধুরী গতকাল (সোমবার) রংপুরের বৈরাতী, পাগলাপীর, মিঠাপুকুর, নানকেরপাড়া, চীনাখাল, শ্যামপুর, ধানেরহাট ও গোপালপুর জাতীয় পার্টির বেশ কয়েকটি জনসভায় বক্তৃতা করিতেছিলেন। তিনি বলেন, বিএনপি সরকার এবং প্রধানমন্ত্রী খালেদা জিয়া কিভাবে আজ দেশের উন্নতি করা যাইবে সেই চিন্তা বাদ দিয়া এরশাদ ও জাতীয় পার্টিকে দেশ হইতে নিশ্চিহ্ন করার চিন্তায় মগ্ন। তিনি দৃঢ় আশাবাদ ব্যক্ত করিয়া বলেন, ২৭শে ফেব্রুয়ারীর নির্বাচনে রংপুরের জনগণ যেভাবে এরশাদকে ৫টি আসনে নির্বাচিত করিয়াছিল একইভাবে উপ-নির্বাচনেও তাহারা ৪টি আসনেই জাতীয় পার্টির প্রার্থীদের জয়ী করিবে।

রংপুরের জনগণকে উদ্দেশ্য করিয়া তিনি বলেন, ২৭শে ফেব্রুয়ারীর নির্বাচনে এরশাদকে ৫টি আসনে নির্বাচিত করিয়া আপনারা তাহাকে হত্যার হাত হইতে বাঁচাইয়াছিলেন। এবারে উপ-নির্বাচনে রংপুরের ৪টি আসনে জাতীয় পার্টির প্রার্থীদের নির্বাচিত করিয়া তাহার মুক্তিলাভের সুযোগ করিয়া দিন। বিভিন্ন জনসভায় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন মনিরুল হক চৌধুরী এমপি, ইসমাইল হোসেন বেঙ্গল, হারেস উদ্দীন সরকার, রংপুর-১ আসনের প্রার্থী করিমউদ্দীন ভরসা, আসাদুজ্জামান সাজা ফকির ও মোফাজ্জল হোসেন।